দামুড়হুদায় আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন

দামুড়হুদা আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার শুভ উদ্বোধন করা হয়েছে। এ উপলক্ষে রবিবার সকাল সাড়ে ৯ টার দিকে কলেজ প্রাঙ্গনে সংক্ষিপ্ত আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান আলি মুনছুর বাবু। তিনি বেলুন উড়িয়ে ক্রীড়া প্রতিযোগিতার আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস, দামুড়হুদা মডেল থানার ওসি ফেরদৌস ওয়াহিদ, উপজেলা শিক্ষা অফিসার সাকী সালাম, দামুড়হুদা সদর ইউপি চেয়ারম্যান হযরত আলী ও দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ।

উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা প্রেসক্লাবের সভাপতি আরিফুল ইসলাম মিলন, সাধারণ সম্পাদক হাবিবুর রহমান হাবিব, সাংগঠনিক সম্পাদক রকিবুল হাসান তোতা, প্রচার ও প্রকাশনা সম্পাদক মশিউর রহমান, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, সহকারী উপজেলা শিক্ষা অফিসার নাসির উদ্দীন, শাহরিয়ার কবির, উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা রিয়াজুল ইসলাম, কলেজ গভর্নিং বডির সদস্য আশাবুল হক, বাবুল হোসেন নিশান তরফদার, শরীফুল আলম শরীফ, টুটুল শাহ।

শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলোয়াত করেন দ্বাদশ শ্রেণির ছাত্র হাফিজুর রহমান। শপথ পাঠ করান সাখাওয়াত হোসেন। মশাল হাতে মাঠ প্রদক্ষিন করেন একাদশ শ্রেণির শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস ও শারমিন খাতুন। খেলা পরিচালনা করেন ক্রীড়া শিক্ষক বশীর আহমেদ। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন প্রভাষক মিল্টন কুমার সাহা ও মরিয়ম মারু।

[redacted]

[redacted]

বীরমুক্তিযোদ্ধা সৌমেন্দ্রনাথ সাহা, আশাদুল আলম মন্টু প্রমূখ।

চুয়াডাঙ্গা জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে মাসিক সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়।

জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সম্পত্তি সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পর্যালোচনা, মাদকদ্রব্য ও চোরাচালান নিরোধ, অনিষ্পন্ন চোরাচালান মামলার নিষ্পত্তি ত্বরান্বিতকরণ, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত হকারমুক্ত ও দখলমুক্ত ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা হয়।

উক্ত সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল-মামুন,চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) নাজমুল হামিদ রেজা, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া, চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সি আলমগীর হান্নান সহ উক্ত সভায় আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, মিডিয়া ব্যক্তিবর্গ।

আলমডাঙ্গার নাগদাহ ইউপি নির্বাচনের স্বতন্ত্র প্রার্থী বিপুল জোয়ার্দ্দারের সংবাদ সম্মেলন

আলমডাঙ্গার নাগদাহ ইউনিয়ন পরিষদ নির্বাচনে নৌকা প্রার্থীর সন্ত্রাসী কর্মকান্ডের বিরুদ্ধে সংবাদ সম্মেলন করেছেন বিদ্রোহী (স্বতন্ত্র) চেয়ারম্যান প্রার্থী এজাজ ইমতিয়াজ জোয়ার্দ্দার বিপুল।

রবিবার বিকেলে নাগদাহ গ্রামস্থ তার নিজস্ব বাসভবনের সামনে এক জনাকীর্ণ পরিবেশে তিনি সংবাদ সম্মেলন করেন।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে এজাজ ইমতিয়াজ বিপুল উল্লেখ করেছেন যে, আসন্ন ১১ নং নাগদাহ ইউপি নির্বাচনে তিনি স্বতন্ত্র চেয়ারম্যান প্রার্থী। তার নির্বাচনী প্রতীক চশমা। নির্বাচনে তার ব্যাপক জনপ্রিয়তা দেখে নৌকার প্রার্থী হায়াত আলী ও তার সমর্থকেরা বিভিন্ন হুমকি-ধামকিসহ তার (স্বতন্ত্র প্রার্থী) নির্বাচনী অফিস ভাংচুর করছে।

গত ১১ মার্চ শনিবার রাত আনুমানিক ৯টার সময় নৌকার সমর্থকেরা দা, লোহার রড ও বিভিন্ন দেশীয় অস্ত্র নিয়ে ইউনিয়নের জহুরুলনগর গ্রামে তার নির্বাচনী অফিসে হামলা চালায়। এ সময় জহুরুলনগর গ্রামের রিন্টু, সহিদুল ও মোবারেক নামের তার তিন সমর্থককে এলোপাথাড়ি কুপিয়ে জখম করে এবং নির্বাচনী অফিস ভাংচুর করে। এছাড়াও আরেক সমর্থক বুদোইকেও মারধর করে জখম করে।

তিনি বলেন, জহুরুলনগরে সংঘটিত ঘটনার পর ওই রাতে নৌকার সমর্থকেরা আরো সংগঠিত হয়ে ইউনিয়নে তার (স্বতন্ত্র) বিভিন্ন নির্বাচনী অফিসে হামলা চালায়। এ ঘটনার পর নৌকা প্রার্থীর সমর্থকদের সন্ত্রাসী কর্মকান্ডে জহুরুলনগর গ্রামের তার (স্বতন্ত্র প্রার্থী) সমর্থকেরা বাড়ি থেকে বের হতে পারছে না। তারা বাড়িতে অবরুদ্ধ হয়ে পড়েছে। এ অবস্থায় নাগদাহ ইউপি নির্বাচন আদোও সুষ্ঠু হবে কিনা তা নিয়ে তিনি আশংকা প্রকাশ করেছেন।
সংবাদ সম্মেলনে এজাজ ইমতিয়াজ বিপুল নির্বাচন সংশ্লিষ্ট সকল

প্রশাসনিক কর্মকর্তার সুদৃষ্টি এবং এ ব্যাপারে কঠোর পদক্ষেপ গ্রহণের জোর দাবি জানিয়েছেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন চেয়ারম্যান প্রার্থী এজাজ ইমতিয়াজ বিপুলের পিতা বর্ষিয়ান আওয়ামীলীগের নেতা নজরুল ইসলাম জোয়ার্দ্দার সোনা মিয়া, খাজাউদ্দিন, মানিক মিয়া, গোলাম মোস্তফা, বুলবুল জোয়ার্দ্দার, বাক্কা জোয়ার্দ্দার, পিন্টু মন্ডল, মজিবর রহমান, আবু বকর সিদ্দিক ও সুরুজ হোসেনসহ গ্রামবাসি।

আলমডাঙ্গায় সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে সুদমুক্ত ক্ষুদ্র ঋণ বিতরণ

আলমডাঙ্গা উপজেলা সমাজসেবা কার্যালয়ের উদ্যোগে পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় সুদমুক্ত ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে।

শনিবার উপজেলা সমাজসেবা কার্যালয়ে আয়োজিত ঋণ বিতরণী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক (ডিসি) আমিনুল ইসলাম খাঁন ।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন সমাজ সেবা অধিদফতরের মহা- পরিচালক (গ্রেড-১) ড. আবু সালেহ মোস্তফা কামাল। তিনি বলেন,সরকার সামাজিক সুরক্ষার জন্য সমাজ সেবা অধিদপ্তর থেকে অসংখ্য কর্মসুচি গ্রহন করেছেন।তিনি আরো বলেন গ্রামীন ব্যাংকের ২ বছর আগে থেকে আমরা সুদমুক্ত ক্ষুদ্র ঋন বিতরন করছি,অথচ গ্রামীন ব্যাংক সুদযুক্ত ঋন দিয়েও নোবেল পুরস্কার পেল। আমরা অসহায় মানুষের পাশে সব সময় দাড়িয়েছি,এখনও আছি।

জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সমাজ সেবা অধিদপ্তরকে ঢেলে সাজিয়েছিল,তখন থেকে গরীব অসহায় মানুষদের এই দপ্তরের মাধ্যমে সেবা দিয়ে আসছে। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নেই,কিন্ত তার

সুযোগ্য কন্যা মাননীয় প্রধান মন্ত্রী সমাজ সেবা অধিদপ্তরের মাধ্যমে সামাজিক সকল প্রকার সুরক্ষা করে চলেছেন। আমি এই দপ্তরের দায়িত্ব নেবার পর দেখলাম এই অঞ্চল খুবই অবহেলিত। এখানে অনেকে বলছেন উপজেলা পরিষদের রাস্তাটি সংস্কার করা হয়না,আপনারা প্রকল্প গ্রহন করে জেলা প্রশাসকের মাধ্যমে পাঠান আমি স্থানীয় সরকার মন্ত্রনালয়ের সচিব কে বলে করে দেব,উনি আমার ব্যাচমেট। আসলে উপর স্তরে আমাদের লোক নেই,আজ নোয়াখালি,কুমিল্লার লোকদের দিকে তাকান দেখবেন সচিব,থেকে পিয়ন পর্যন্ত সব তারা।আমি মনে করি একজন চাকরি জীবির সৎতাই সব চাইতে বড় হাতিয়ার,আমি সৎ হলে যে কোন কাজ করতে আমাকে বেগ পেতে হবে না। জেলা প্রশাসক আমিনুল ইসলাম আমার সাথে একই মন্ত্রনালয়ে চাকরি করেছে,সে খুব একটিভ কর্মকর্তা।তাকে আপনারা ব্যাবহার করে কাজ করিয়ে নেন।

এসময় আরো বক্তব্য রাখেন খুলনা বিভাগীয় সমাজ সেবা কার্যালয়ের পরিচালক মোঃ আব্দুর রহমান,উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, পৌর মেয়র হাসান কাদির গনু, জেলা সমাজ সেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকা সোহেলী রশীদ, উপজেলা নির্বাহি অফিসার (ভারপ্রাপ্ত) রেজওয়ানা নাহিদ, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান সালমুন আহম্মেদ ডন, মহিলা ভাইস-চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,প্রেসক্লাবের সাধারন সম্পাদক হামিদুল ইসলাম আজম,বীর মুক্তিযোদ্ধা মইনদ্দিন পারভেজ,উপজেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ইয়াকুব আলী মাষ্টার।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন উপজেলা আওয়ামীলীগের সভাপতি আবু মুছা, বীরমুক্তিযোদ্ধা আলহাজ্ব শেখ নুরমোহাম্মদ জকু, চেয়ারম্যান এ্যাসোসিয়েশনের সভাপতি মোজাহিদুর জোয়াদ্দার লোটাস প্রমূখ।

উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় মোট ৪৪ জনের মধ্যে ৮ লক্ষ ২২ হাজার টাকা সুদমুক্ত ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়। একই দিন বিভিন্ন এতিম শিশুদের মাঝে উপকরণ প্রদান করা হয়।

[redacted]

[redacted]

দর্শনা প্রেসক্লাবের তালসারী ডিসি ইকোপার্কে বনভোজন অনুষ্ঠিত

চুয়াডাঙ্গার দর্শনা প্রেসক্লাবের বনভোজন অনুষ্ঠিত হয়েছে। কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতির আয়োজনে গতকাল শুক্রবার দিনব্যাপী দামুড়হুদা উপজেলার তালসারি ডিসি ইকো পার্কে এ বনভোজন অনুষ্ঠিত হয়।

এসময় ইকো পার্কে সাংবাদিকদের এক মিলন মেলায় পরিণত হয়। জুম্মার নামাজের পর খাওয়া-দাওয়া শেষে ইকো পার্কের গেস্ট হাউজে আড্ডায় মেতে ওঠেন প্রেসক্লাবের সাংবাদিক সহ অতিথীরা।

এ সময় উপস্থিত ছিলেন কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সভাপতি ফিরোজ আহমেদ সবুজ, সহ-সভাপতি মফিজুল ইসলাম, সদস্য হারিজুল ইসলাম,মিরাজল ইসলাম, প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সাধারণ সম্পাদক ওসমান আলী, সাংবাদিক সমিতির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহ-সভাপতি জাহিদুল ইসলাম, কামরুজ্জামান যুদ্ধ, সাবেক সভাপতি হানিফ মন্ডল, ইকরামুল হক পিপুল, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, আহসান হাবিব মামুন, আলমগীর হোসেন, মাহমুদ হাসান রনি, মোস্তাফিজুর রহমান কচি, হাসমত আলী, মাসুম বিল্লাহ, ওয়াসিম রয়েল, ইমতিয়াজ রয়েল, আব্দুল হান্নান, রাজিব মল্লিক, ফরহাদ হোসেন, আবিদ হাসান রিফাত, সুকমল চন্দ্র দাস বাঁধন ও ইয়াছিন জুয়েল প্রমুখ।

আলমডাঙ্গায় ইউপি চেয়াম্যান ও সচিবসহ ৪ জনের বিরুদ্ধে অর্থ

[redacted]

[redacted]

[redacted]

[

শফি বলেন, বাদিপক্ষ হাইকোর্ট থেকে একটি অর্ডার নিয়ে এসেছেন, সেখানে বলা হয়েছে, চুয়াডাঙ্গা দায়রা জজ মামলাটি গ্রহন করে দুদকে তদন্ত দেয়ার জন্য। পরে চিৎলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, সচিব সহ চারজনের বিরুদ্ধে দূর্নীতি দমন আইনে মামলাটি গ্রহন করেছেন এবং তদন্তের জন্য কুষ্টিয়া দূর্নীতি দমন পরিচালককে নির্দেশনা দিয়েছেন। আগামী সপ্তাহে দুদকের একটি টিম অত্র ইউনিয়নে তদন্তে যাবে।

চিৎলা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হাসানুজ্জামান সরোয়ার বলেন, ইউনিয়ন পরিষদে বর্তমান কার্যাক্রম সরকারি নিয়ম মেনেই করা হচ্ছে। যদি কেউ কোন বিষয়ে বলে তারা আমার বিরোধী পক্ষ। সে নির্বাচনের মাঠে ছিল আমার প্রতিপক্ষ হিসেবে। আমি জিতে গেছি, সে হেরে গেছে। হয়তো বা এরই শক্রতামূলকভাবে আমাকে হেনস্থা করতে পারে।

দামুড়হুদায় বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিকের রাষ্ট্রীয় মর্যাদায় দাফন সম্পন্ন

দামুড়হুদা উপজেলার নাটুদহ ইউনিয়নের খলিসাগাড়ি গ্রামের বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিক(৭৫) ইন্তেকাল করেছেন ইন্না লিল্লাহি ওয়া ইন্না এলাহী রাজিউন।

গতকাল বৃহস্পতিবার বিকাল ৫ টার দিকে বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে চুয়াডাঙ্গা সদর হসপিটালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিক ২ ছেলে ও ২ মেয়ে সহ অনেক গুনাগ্রাহী রেখে গেছেন।

বীর মুক্তিযোদ্ধা ফরিদ মল্লিকের ছেলে রবিউল মাষ্টার জানান, আমার বাবা দীর্ঘ দিন ধরে বার্ধক্যজনিত রোগে আক্রান্ত হয়ে ঘরে ছিলেন। কিন্তু গতকাল বৃহস্পতিবার দুপুর থেকে বুকের ব্যথা বাড়তে থাকায় সন্ধ্যা ৭ টার দিকে চুয়াডাঙ্গা সদর হসপিটালে ভর্তি করা হয়। কর্তব্যরত চিকিৎসক উন্নত চিকিৎসা প্রদান করলেও শরীরের উন্নতি

দেখা দিচ্ছিলনা, পরবর্তীতে সেখানেই চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন । বাবাকে হারিয়ে আমার পরিবার ও অত্র এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

শুক্রবার সকাল ৯টার দিকে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে গার্ড অব অনার এবং রাষ্ট্রীয় মর্যাদায় দাফন কার্য সম্পন্ন করা হয়।

দামুড়হুদায় বাল্যবিবাহ, কনের পিতাকে দশ হাজার টাকা জরিমানা

দামুড়হুদা উপজেলা সদরে চিৎলা হালদার পাড়ায় বাল্যবিবাহ আয়োজনের দায়ে কিশোরী কনের বাবাকে ১০ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। গতকাল বৃহস্পতিবার রাত সাড়ে ১০টার দিকে চিৎলা গ্রামে এঘটনা ঘটে।

দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)’র অফিস সুত্রে জানাগেছে উপজেলার চিৎলা হালদার পাড়ায় শ্রী ভগিরথ হালদারের ১৪ বছর বয়সী কন্যার ঝিনাইদহ জেলার হলুধানির নাটাবাড়িয়ায় গ্রামে বাল্যবিবাহের প্রস্তুতি চলছিল।

ওই সময় দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতার নির্দেশনায় দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস মোবাইল কোর্ট পরিচালনা করে বাল্যবিবাহের আয়োজন বন্ধ করে দেন । মেয়ের বাবা শ্রী ভগিরথ হালদারকে ১০ হাজার টাকা জরিমানা করেন। পাশাপাশি আদালত মেয়ের বয়স ১৮ না হওয়া পর্যন্ত বিয়ে দেবেন না এবং ১৮ বছর না হওয়া পর্যন্ত বর ওই কিশোরীকে বিবাহ করবেন না মর্মে নির্দেশনা দেয়া হয়।

২০১৭ সালের বাল্যবিবাহ নিরোধ আইন অনুযায়ী এ জরিমানা করা হয়। এসময় তিনি বলেন জনস্বার্থে এ অভিযান অব্যাহত থাকবে। এসময় দামুড়হুদা মডেল থানার একটি চৌকস টিম উপস্থিত ছিলেন।